

নিবন্ধন—নবায়নে অসদাচরণ: কর্মচারীদের সতর্ক করলো মন্ত্রণালয়

- A Monitor Desk Report

Date: 14 December, 2025



ঢাকাঃ ট্রাভেল এজেন্সির নিবন্ধন, নবায়ন ও সংশ্লিষ্ট কার্যক্রমে অনাকাঙ্ক্ষিত প্রভাব খাটানো এবং দাপ্তরিক কম্পিউটার ব্যবহার করে এসব কাজ করার অভিযোগ পাওয়ায় কর্মচারীদের সতর্ক করেছে বেঙ্গামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

সম্প্রতি ট্রাভেল এজেন্সি নিবন্ধন কর্তৃপক্ষের কাছে এ সংক্রান্ত একাধিক বেনামি অভিযোগ আসে। সেই পত্রের ভিত্তিতে এই সতর্ক করে বিজ্ঞপ্তি জারি করেছে মন্ত্রণালয়।

মন্ত্রণালয় জানায়, সিদ্ধান্ত গ্রহণের আগে সরকারের গোপনীয় তথ্য বাইরে সরবরাহ করা শৃঙ্খলা ও আপিল বিধিমালার পরিপন্থি। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (খ) ও (ঘ) বিধি অনুযায়ী এসব কর্মকাণ্ড অসদাচরণ ও দুর্নীতির মধ্যে পড়ে।

এ অবস্থায় মন্ত্রণালয়ের সব কর্মচারীকে নির্দেশনা দিয়ে বলা হয়েছে এ ধরনের কার্যক্রম থেকে বিরত থাকতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, কোনো কর্মচারীর বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিত বা প্রভাবিত হয়ে ট্রাভেল এজেন্সি নিবন্ধন, নবায়ন বা সংশ্লিষ্ট কাজে সম্পৃক্ততার প্রমাণ মিললে সংশ্লিষ্ট বিধিমালা অনুসারে বিভাগীয় ব্যবস্থা ও কঠোর আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

-B